

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬৪২

আগরতলা, ২৫ অক্টোবর, ২০ ১৮

বটতলা বাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত
দোকান পরিদর্শনে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সকালে বটতলা বাজারের ১ নং এবং ২ নং গলিতে আজ ভোর রাতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত দোকানগুলি পরিদর্শন করেন এবং ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সাথে কথা বলেন। পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন বিধায়ক আশিস কুমার সাহা সহ উচ্চপদস্থ আধিকারিকগণ। বটতলা উদ্বাস্তু বাজার ব্যবসায়ী সমিতির সচিব সঞ্জীব দাস জানান, আজ ভোর রাত আনুমানিক ৩টা ১৫ মিনিট নাগাদ বটতলা বাজারের ১ নং এবং ২ নং গলিতে শর্ট সার্কিটের ফলে আগুন লাগে। এতে ১৮টি দোকান ভস্মীভূত হয়।

মুখ্যমন্ত্রী শ্রীদেব পরিদর্শনকালে জানান, আগুনে ক্ষতিগ্রস্ত হওয়া ১৮টি দোকানের মধ্যে ৫টি সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। এই ৫টি সম্পূর্ণ ভস্মীভূত দোকানের ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদেরকে ২৫ হাজার টাকা করে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আর্থিক সহায়তা করা হবে। এছাড়া অবশিষ্ট দোকানের ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের ১৫ হাজার টাকা করে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আর্থিক সহায়তা দেওয়া হবে। তিনি জানান, রাজ্য সরকার বটতলা বাজারের ব্যবসায়ীদের পাশে আছে এবং এই বাজারের উন্নতিকল্পে রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।
